



Bangladesh Academy for Securities Markets (BASM)
(A Training and Research Institute of BSEC)
Securities Commission Bhawan
E-6/C, Agargaon, Dhaka-1027



সূত্র নং- বিএসএম/প্রশাসন/ ১০:০১/২০২০-৪৭


তারিখ : ০৯/১১/২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

The Societies Registration Act, 1860-এর আওতায় প্রতিষ্ঠিত বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেট (বিএসএম), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান। বিএসএম-এর নিম্নোক্ত পদসমূহে যোগ্য ব্যক্তি নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

পদের নাম ও বেতন স্কেল	দায়িত্ব ও কর্তব্য	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
ফ্যাকাল্টি মেম্বর গ্রেড-৪ (১টি পদ)। টাকা ৬২০০০-৬৫৭২০-৬৯৬৬০-৭৩৮৪০-৭৮২৭০-৮২৯৬০-৮৭৯৩০ এবং একাডেমির নীতিমালা অনুযায়ী অন্যান্য সুবিধা। বয়সঃ অনূর্ধ্ব ৫২ বছর।	একাডেমির বার্ষিক শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন; দেশের যে কোন প্রান্তে অন-লাইন-অফলাইন প্রশিক্ষণের আয়োজন করা ও পরিচালনা করা; পুঁজি বাজার সংক্রান্ত প্রায়োগিক গবেষণা পরিচালনা করা; শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত প্রশাসনিক কাজকর্ম সম্পাদন করা এবং মহাপরিচালক কর্তৃক নির্দেশিত একাডেমি সংক্রান্ত অন্যান্য কাজ সম্পাদন করা।	ফাইন্যান্স/একাউন্টিং/ব্যাংকিং বিষয়ে মাস্টার্স ডিগ্রী-ন্যূনতম তিনটি প্রথম শ্রেণি থাকতে হবে। আর্থিক খাতে (ব্যাংকিং/পুঁজি বাজার) কমপক্ষে ১০ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের একাডেমিতে ন্যূনতম ৫ বছরের শিক্ষা/প্রশিক্ষণের অভিজ্ঞতা থাকতে হবে। আর্থিক খাত সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা/ডিগ্রী অগ্রাধিকার পাবে। ন্যূনতম ৩টি দেশী/বিদেশী জার্নালে প্রকাশনা থাকতে হবে।
ফ্যাকাল্টি মেম্বর গ্রেড-৫ (২টি পদ)। টাকা ৩৬০০০-৩৮১৬০-৪০৪৫০-৪২৮৭০-৪৫৪৪০-৪৮১৬০-৫১০৫০ এবং একাডেমির নীতিমালা অনুযায়ী অন্যান্য সুবিধা। শিক্ষানবীশ কাল (প্রথম ৬ মাস) সর্বসাকুল্যে টাকা ৫০,০০০/-, শিক্ষানবীশকাল সফল ভাবে সমাপ্ত করার পর নিয়মিত পে-স্কেল অনুযায়ী বেতন ভাতা নির্ধারিত হবে। বয়সঃ অনূর্ধ্ব ৩০ বছর।	মহাপরিচালক ও সিনিয়র শিক্ষকদের তত্ত্বাবধানে পুঁজিবাজার সংক্রান্ত শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম পরিচালনা করা এবং একাডেমির সকল প্রশাসনিক ও উন্নয়নমূলক কাজে অংশগ্রহণ করা।	ফাইন্যান্স/একাউন্টিং/ব্যাংকিং বিষয়ে ন্যূনতম মাস্টার্স ডিগ্রী। শিক্ষা জীবনে সকল পরীক্ষায় প্রথম শ্রেণি/(CGPA above 3.5 out of 4.0) থাকতে হবে। আর্থিক খাতে কাজের অভিজ্ঞতা এবং প্রকাশনা অগ্রাধিকার যোগ্য।
উপ-পরিচালক (১টি পদ)। টাকা ৬২০০০-৬৫৭২০-৬৯৬৬০-৭৩৮৪০-৭৮২৭০-৮২৯৬০-৮৭৯৩০ এবং একাডেমির নীতিমালা অনুযায়ী অন্যান্য সুবিধা। বয়সঃ অনূর্ধ্ব ৪৫ বছর।	একাডেমির শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কর্মসূচী বাস্তবায়নে স্টেক হোল্ডারদের সাথে উপযুক্ত নেট ওয়ার্কিং ও গণযোগাযোগ (public relation) তৈরী করা, E-library তৈরী ও তত্ত্বাবধান করা, একাডেমির E-learning প্র্যাটফর্ম তত্ত্বাবধান করা, সার্বিক প্রশাসনিক কাজ-কর্ম সম্পাদন ও তত্ত্বাবধান করা, মহাপরিচালকের নির্দেশে একাডেমি সংশ্লিষ্ট অন্যান্য কাজ-কর্ম সম্পাদন করা।	ব্যবসা শিক্ষায় যে কোন বিষয়ে ন্যূনতম গ্রাজুয়েট ডিগ্রীধারী হতে হবে। পুঁজি বাজার সংক্রান্ত প্রফেশনাল ডিগ্রী বা ডিপ্লোমাদারী অগ্রাধিকারযোগ্য। পুঁজি বাজারে ন্যূনতম ৮ বছর কাজের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে মোট ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
সহকারী পরিচালক (আইটি এবং কম্পিউটার ল্যাব): (১টি পদ)। টাকা ৩৬০০০-৩৮১৬০-৪০৪৫০-৪২৮৭০-৪৫৪৪০-৪৮১৬০-৫১০৫০ এবং একাডেমির নীতিমালা অনুযায়ী অন্যান্য সুবিধা। বয়সঃ অনূর্ধ্ব ৩০ বছর।	একাডেমির নেট ওয়ার্ক ডিজাইন, সিস্টেম ডিজাইন, ওয়েব সাইট, উপযুক্ত IT infrastructure এবং E-learning প্র্যাটফর্ম তৈরী ও তত্ত্বাবধান করা, একাডেমির হিসাব বিভাগ ও প্রশাসন ডিজিটাইজেশনে সহযোগীতা করা।	কম্পিউটার সাইন্স-এ স্নাতকোত্তর ডিগ্রী, নেটওয়ার্ক সিকিউরিটিসহ অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ের উপর উচ্চতর প্রশিক্ষণ বা ডিপ্লোমাদারীদের অগ্রাধিকার প্রদান করা হবে। বিএসএম জাতীয় বা সমপর্যায়ের প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা অগ্রাধিকার যোগ্য। বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

- আগ্রহী প্রার্থীদের ০৪ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপিসহ আবেদন পত্র ২৫/১১/২০২০ ইং তারিখের মধ্যে মহাপরিচালক, বিএসএম, সিকিউরিটিজ কমিশন ভবন, আগারগাঁও বরাবর প্রেরণ করতে হবে।
- চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকায় প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
- মৌখিক পরীক্ষার জন্য কোনরূপ টিএ/ডিএ প্রদান করা হবে না।


 ০৯/১১/২০২০
 প্রদীপ কুমার বসাক
 অতিরিক্ত মহাপরিচালক